রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, এপ্রিল ৩০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৮ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ / ২১ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪০.০৪.০০০০.০০০.০০২.৩৬.০০১০.১৮.১৫**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯(১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক **''বেকারী, বিস্কুট ও কনফেকশনারী''** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের **খসড়া সুপারিশ- ২০২৫** জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত **''বেকারী, বিস্কুট ও কনফেকশনারী''** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০, সেগুনবাগিচা, শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা ।

**'' বেকারী, বিস্কুট ও কনফেকশনারী" শিল্প**

**খসড়া সুপারিশ-২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ০৯-০৬-২০২৪ তারিখের প্রজ্ঞাপন মূলে (স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০১০.১১-৬৬, তারিখ: ০৯-০৬-২০২৪ খ্রিষ্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে ''বেকারী, বিস্কুট ও কনফেকশনারী" শিল্প সেক্টরের শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হার সুপারিশ করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৯.১৬-৭৮, তারিখ: ০১-০৭-২০২৪ মূলে বিধি মোতাবেক ''বেকারী, বিস্কুট ও কনফেকশনারী" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ''বেকারী, বিস্কুট ও কনফেকশনারী" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ ঢাকা জেলার তেজগাঁও, উত্তরা ও মতিঝিল এলাকায় অবস্থিত ৩টি ''বেকারী, বিস্কুট ও কনফেকশনারী" শিল্পের প্রতিষ্ঠান/কারখানা (**'নাবিস্কো বিস্কুট এন্ড ব্রেড ফ্যাক্টরী লিঃ', 'আশা ফুড প্রোডাক্টস' ও 'আমার বেকারী,'**) এবং নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও এলাকায় অবস্থিত ১টি প্রতিষ্ঠানে/কারখানায় (**'অলিম্পিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড'**) উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকনেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করে তথ্য উপাত্ত সংগ্রহ করেন।

বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের দাখিলকৃত মজুরি প্রস্তাব ও পরিদর্শন প্রতিবেদনসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক ''বেকারী, বিস্কুট ও কনফেকশনারী" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে **খসড়া সুপারিশ** পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ''বেকারী, বিস্কুট ও কনফেকশনারী" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। নিম্নবর্ণিত তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে, সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক", তফসিল "খ", তফসিল "গ", তফসিল "ঘ", তফসিল "ঙ" ও তফসিল "চ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily Basis) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৮০০০/- (আট হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৮৪০০/- (আট হাজার চারশত) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৮৪০০/- (আট হাজার চারশত) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৮৮২০/- (আট হাজার আটশত বিশ) টাকা হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৩। মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শ্রমিকগণের মধ্যে কোনো প্রকার বৈষম্য করা যাইবে না।

১৪। উক্ত সেক্টরের মালিকগণ যদি শ্রমিক-কর্মচারীগণের সাথে ঐক্যমতের ভিত্তিতে আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিক/কর্মচারীগণের জন্য বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না।

১৫। এই সুপারিশের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**মো: নাজিম উদ্দিন ভূঁঞা**
নিরপেক্ষ সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**আসিফ আইয়ুব**
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**আনোয়ার হোসাইন**
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**মো: রেজাউল হক রেজু**
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**উজ্জ্বল বিশ্বাস**
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**তফসিল “ক”**

(বেকারী, বিস্কুট ও কনফেকশনারীর ক্যাটাগরী: স্বয়ংক্রিয়)

**শ্রমিকদের জন্য মাসিক মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ ( গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। মেশিনম্যান<br>২। ওভেনম্যান<br>৩। মিক্সিংম্যান<br>৪। ইলেকট্রিশিয়ান<br>৫। অপারেটর<br>৬। বয়লার এটেনডেন্ট<br>৭। শিফট-ইনচার্জ<br>৮। প্রিন্টিং ইনচার্জ<br>৯। ফিটার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৪৭৪০/- | ৭৩৭০/- | ১০০০/- | ৮০০/- | ২৩৯১০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৪৭৪০/- | ৫৮৯৬/- | ১০০০/- | ৮০০/- | ২২৪৩৬/- |
| ২ | **গ্রেড-২ :**<br>১। রোলিংম্যান<br>২। কাটিংম্যান<br>৩। বেকিংম্যান<br>৪। প্যাকিং সুপারভাইজার<br>৫। মিস্ত্রী<br>৬। টেবিল লিডার (প্যাকার হেড)<br>৭। লাইনম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১১২২০/- | ৫৬১০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৬৩০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১১২২০/- | ৪৪৮৮/- | ১০০০/- | ৮০০/- | ১৭৫০৮/- |
| ৩ | **গ্রেড-৩:**<br>১। সহকারী বেকিংম্যান<br>২। মোল্ডিংম্যান<br>৩। ফিনিসিংম্যান<br>৪। মিস্ত্রী হেলপার<br>৫। মেশিন হেলপার<br>৬। মেশিন অপারেটর হেলপার<br>৭। ফিল্টার হেলপার<br>৮। প্রিন্টিং হেলপার<br>৯। ইলেকট্রিকম্যান হেলপার<br>১০। ওভেনম্যান হেলপার<br>১১। মিক্সিংম্যান হেলপার<br>১২। ফ্রাইংম্যান হেলপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৮০০/- | ৪৪০০/- | ১০০০/- | ৮০০/- | ১৫০০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৮০০/- | ৩৫২০/- | ১০০০/- | ৮০০/- | ১৪১২০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | **গ্রেড-৪:**<br>১। প্যাকার<br>২। ডেলিভারীম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৩৬০/- | ৪১৮০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৩৪০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৩৬০/- | ৩৩৪৪/- | ১০০০/- | ৮০০/- | ১৩৫০৪/- |
| ৫ | **গ্রেড-৫:**<br>১। হেলপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮২০০/- | ৪১০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪১০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮২০০/- | ৩২৮০/- | ১০০০/- | ৮০০/- | ১৩২৮০/- |
| ৬ | **শিক্ষানবিশ শ্রমিক:** | ( ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =১০০০০/-(দশ হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল “খ”

(বেকারী, বিস্কুট ও কনফেকশনারীর ক্যাটাগরী: স্বয়ংক্রিয়)

কর্মচারীদের জন্য মাসিক মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ ( গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১:**<br>১। সিনিয়র সুপারভাইজার<br>২। সিনিয়র প্রোডাকশন সুপারভাইজার<br>৩। হিসাবরক্ষক<br>৪। স্টোর কিপার<br>৫। সিনিয়র টাইম কিপার<br>৬। টাইপিস্ট/কম্পিউটার অপারেটর। | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৪৭৪০/- | ৭৩৭০/- | ১০০০/- | ৮০০/- | ২৩৯১০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৪৭৪০/- | ৫৮৯৬/- | ১০০০/- | ৮০০/- | ২২৪৩৬/- |
| ২। | **গ্রেড-২:**<br>১। জুনিয়র সুপারভাইজার<br>২। জুনিয়র প্রোডাকশন সুপারভাইজার<br>৩। ল্যাবরেটরী অ্যাসিস্ট্যান্ট<br>৪। সহকারী হিসাবরক্ষক<br>৫। ক্যাশিয়ার<br>৬। ক্লার্ক<br>৭। টেলিফোন অপারেটর<br>৮। ড্রাইভার<br>৯। সিনিয়র সেলসম্যান/ সিনিয়র বিক্রয় প্রতিনিধি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২১০০/- | ৬০৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৯৯৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২১০০/- | ৪৮৪০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৭৪০/- |

<table>
<tr><th>(১)</th><th>(২)</th><th>(৩)</th><th>(৪)</th><th>(৫)</th><th>(৬)</th><th>(৭)</th><th>(৮)</th></tr>
<tr><td rowspan="2">৩।</td><td rowspan="2"><u>গ্রেড-৩:</u><br>১। স্টোর অ্যাসিস্ট্যান্ট<br>২। জুনিয়র টাইম কিপার<br>৩। জুনিয়র সেলসম্যান/ জুনিয়র বিক্রয় প্রতিনিধি<br>৪। বাবুর্চি<br>৫। গাড়ীচালক<br>৬। ভ্যান চালক</td><td>বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা</td><td>৯৬৮০/-</td><td>৪৮৪০/-</td><td>১০০০/-</td><td>৮০০/-</td><td>১৬৩২০/-</td></tr>
<tr><td>জেলা শহর ও অন্যান্য এলাকা</td><td>৯৬৮০/-</td><td>৩৮৭২/-</td><td>১০০০/-</td><td>৮০০/-</td><td>১৫৩৫২/-</td></tr>
<tr><td rowspan="2">৪।</td><td rowspan="2"><u>গ্রেড-৪:</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইট গার্ড<br>৪। মালি<br>৫। সুইপার<br>৬। গাড়ী চালক হেলপার<br>৭। ভ্যান চালক হেলপার</td><td>বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা</td><td>৮৮০০/-</td><td>৪৪০০/-</td><td>১০০০/-</td><td>৮০০/-</td><td>১৫০০০/-</td></tr>
<tr><td>জেলা শহর ও অন্যান্য এলাকা</td><td>৮৮০০/-</td><td>৩৫২০/-</td><td>১০০০/-</td><td>৮০০/-</td><td>১৪১২০/-</td></tr>
<tr><td>৫।</td><td>শিক্ষানবিশ কর্মচারী</td><td colspan="6">(ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে =১০০০০/- হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশিকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।</td></tr>
</table>

### তফসিল "গ"

### (বেকারী, বিস্কুট ও কনফেকশনারীর ক্যাটাগরী: আধা-স্বয়ংক্রিয়)

### শ্রমিকদের জন্য মাসিক মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। হেড মিস্ত্রী<br>২। মিস্ত্রী | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৩২০০/- | ৬৬০০/- | ১০০০/- | ৮০০/- | ২১৬০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৩২০০/- | ৫২৮০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৮০/- |
| ২। | **গ্রেড-২ :**<br>১। সহকারী মিস্ত্রী<br>২। ফিটারম্যান<br>৩। আইসিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১০৭৮০/- | ৫৩৯০/- | ১০০০/- | ৮০০/- | ১৭৯৭০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১০৭৮০/- | ৪৩১২/- | ১০০০/- | ৮০০/- | ১৬৮৯২/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। কাটিংম্যান<br>২। রোলিংম্যান<br>৩। বেকিংম্যান<br>৪। শিফট মিস্ত্রী<br>৫। হ্যান্ড ডাইস অপারেটর | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১০১২০/- | ৫০৬০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৯৮০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১০১২০/- | ৪০৪৮/- | ১০০০/- | ৮০০/- | ১৫৯৬৮/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। মিক্সিংম্যান<br>২। সহকারী শিফট মিস্ত্রী<br>৩। সহকারী রোলিংম্যান<br>৪। ওজনওয়ালা<br>৫। সহকারী কাটিংম্যান<br>৬। সহকারী বেকিংম্যান<br>৭। সহকারী ডাইস অপারেটর | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯৯০০/- | ৩৯৬০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৬৬০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৫। | **<u>গ্রেড-৫ :</u>**<br>১। ফিনিসিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯৪৬০/- | ৪৭৩০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৯৯০/- |
| | ২। মোল্ডিংম্যান<br>৩। স্লাইসিংম্যান<br>৪। প্যাকার | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯৪৬০/- | ৩৭৮৪/- | ১০০০/- | ৮০০/- | ১৫০৪৪/- |
| ৬। | **<u>গ্রেড-৬ :</u>**<br>১। গেইনম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৮০০/- | ৪৪০০/- | ১০০০/- | ৮০০/- | ১৫০০০/- |
| | ২। ট্রেম্যান<br>৩। হস্তচালিত মেশিন অপারেটর<br>৪। প্যাকার | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৮০০/- | ৩৫২০/- | ১০০০/- | ৮০০/- | ১৪১২০/- |
| ৭। | **<u>গ্রেড-৭ :</u>**<br>১। হেলপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮২০০/- | ৪১০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪১০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮২০০/- | ৩২৮০/- | ১০০০/- | ৮০০/- | ১৩২৮০/- |
| ৮ | শিক্ষানবিশ শ্রমিক | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =১০০০০/- (দশ হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল "ঘ"**

(বেকারী, বিস্কুট ও কনফেকশনারীর ক্যাটাগরী: আধা-স্বয়ংক্রিয়)

## কর্মচারীদের জন্য মাসিক মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **<u>গ্রেড-১ :</u>**<br>১। সিনিয়র সুপারভাইজার<br>২। সিনিয়র প্রোডাকশন সুপারভাইজার<br>৩। হিসাব রক্ষক<br>৪। স্টোর কিপার<br>৫। সিনিয়র টাইম কিপার<br>৬। টাইপিস্ট/কম্পিউটার অপারেটর। | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৪৭৪০/- | ৭৩৭০/- | ১০০০/- | ৮০০/- | ২৩৯১০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৪৭৪০/- | ৫৮৯৬/- | ১০০০/- | ৮০০/- | ২২৪৩৬/- |
| ২। | **<u>গ্রেড-২ :</u>**<br>১। জুনিয়র সুপারভাইজার<br>২। জুনিয়র প্রোডাকশন সুপারভাইজার<br>৩। ল্যাবরেটরী অ্যাসিস্ট্যান্ট<br>৪। সহকারী হিসাব রক্ষক<br>৫। ক্যাশিয়ার<br>৬। ক্লার্ক<br>৭। টেলিফোন অপারেটর<br>৮। ড্রাইভার<br>৯। সিনিয়র সেলসম্যান/ সিনিয়র বিক্রয় প্রতিনিধি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২১০০/- | ৬০৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৯৯৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২১০০/- | ৪৮৪০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৭৪০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। স্টোর অ্যাসিস্ট্যান্ট<br>২। জুনিয়র টাইম কিপার<br>৩। জুনিয়র সেলসম্যান/ জুনিয়র বিক্রয় প্রতিনিধি<br>৪। বাবুর্চি<br>৫। গাড়ী চালক<br>৬। ভ্যান চালক | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯৬৮০/- | ৪৮৪০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৩২০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯৬৮০/- | ৩৮৭২/- | ১০০০/- | ৮০০/- | ১৫৩৫২/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইট গার্ড<br>৪। মালি<br>৫। সুইপার<br>৬। গাড়ী চালক হেলপার<br>৭। ভ্যান চালক হেলপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৮০০/- | ৪৪০০/- | ১০০০/- | ৮০০/- | ১৫০০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৮০০/- | ৩৫২০/- | ১০০০/- | ৮০০/- | ১৪১২০/- |
| ৫। | **শিক্ষানবিশ কর্মচারী:** | ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে =১০০০০/-(দশ হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশিকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

তফসিল “ঙ”

(বেকারী, বিস্কুট ও কনফেকশনারীর ক্যাটাগরী: হস্তচালিত)

শ্রমিকদের জন্য মাসিক মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। হেড মিস্ত্রী<br>২। মিস্ত্রী | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২১০০/- | ৬০৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৯৯৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২১০০/- | ৪৮৪০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৭৪০/- |
| ২। | **গ্রেড-২ :**<br>১। সহকারী মিস্ত্রী<br>২। টেনডেল<br>৩। আইসিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১০১২০/- | ৫০৬০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৯৮০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১০১২০/- | ৪০৪৮/- | ১০০০/- | ৮০০/- | ১৫৯৬৮/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। কাটিংম্যান<br>২। রোলিংম্যান<br>৩। শিফট মিস্ত্রী<br>৪। বেকিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯৪৬০/- | ৪৭৩০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৯৯০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯৪৬০/- | ৩৭৮৪/- | ১০০০/- | ৮০০/- | ১৫০৪৪/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। মোল্ডিংম্যান<br>২। ওজনওয়ালা<br>৩। খামিরম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯০২০/- | ৪৫১০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৩৩০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯০২০/ | ৩৬০৮/- | ১০০০/- | ৮০০/- | ১৪৪২৮/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৫। | **গ্রেড-৫ :**<br>১। স্লাইসিংম্যান<br>২। প্যাকেটম্যান<br>৩। তন্দুর লোডার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৬০০/- | ৩৪৪০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৮৪০/- |
| ৬। | **গ্রেড-৬ :**<br>১। হেলপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৮০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮০০০/- | ৩২০০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০০০/- |
| ৭। | **শিক্ষানবিশ শ্রমিক:** | ( ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =১০০০০/-(দশ হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

### তফসিল "চ"

(বেকারী, বিস্কুট ও কনফেকশনারীর ক্যাটাগরী: হস্তচালিত)

কর্মচারীদের জন্য মাসিক মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **<u>গ্রেড-১ :</u>**<br>১। সিনিয়র সুপারভাইজার<br>২। সিনিয়র প্রোডাকশন সুপারভাইজার<br>৩। হিসাবরক্ষক<br>৪। স্টোর কিপার<br>৫। সিনিয়র টাইম কিপার<br>৬। টাইপিস্ট/ কম্পিউটার অপারেটর। | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৪৭৪০/- | ৭৩৭০/- | ১০০০/- | ৮০০/- | ২৩৯১০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৪৭৪০/- | ৫৮৯৬/- | ১০০০/- | ৮০০/- | ২২৪৩৬/- |
| ২। | **<u>গ্রেড-২ :</u>**<br>১। জুনিয়র সুপারভাইজার<br>২। জুনিয়র প্রডাকশন সুপারভাইজার<br>৩। ল্যাবরেটরী অ্যাসিস্ট্যান্ট<br>৪। সহকারী হিসাবরক্ষক<br>৫। ক্যাশিয়ার<br>৬। ক্লার্ক<br>৭। টেলিফোন অপারেটর<br>৮। ড্রাইভার<br>৯। সিনিয়র সেলসম্যান/ সিনিয়র বিক্রয় প্রতিনিধি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২১০০/- | ৬০৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৯৯৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২১০০/- | ৪৮৪০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৭৪০/- |

<table>
<tr><th>(১)</th><th>(২)</th><th>(৩)</th><th>(৪)</th><th>(৫)</th><th>(৬)</th><th>(৭)</th><th>(৮)</th></tr>
<tr><td rowspan="2">৩।</td><td rowspan="2"><u>গ্রেড-৩ :</u><br>১। স্টোর অ্যাসিস্ট্যান্ট<br>২। জুনিয়র টাইম কিপার<br>৩। জুনিয়র সেলসম্যান/জুনিয়র বিক্রয় প্রতিনিধি<br>৪। বাবুর্চি<br>৫। গাড়ী চালক<br>৬। ভ্যান চালক</td><td>বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা</td><td>৯৬৮০/-</td><td>৪৮৪০/-</td><td>১০০০/-</td><td>৮০০/-</td><td>১৬৩২০/-</td></tr>
<tr><td>জেলা শহর ও অন্যান্য এলাকা</td><td>৯৬৮০/-</td><td>৩৮৭২/-</td><td>১০০০/-</td><td>৮০০/-</td><td>১৫৩৫২/-</td></tr>
<tr><td rowspan="2">৪।</td><td rowspan="2"><u>গ্রেড-৪ :</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইট গার্ড<br>৪। মালি<br>৫। সুইপার<br>৬। গাড়ী চালক হেলপার<br>৭। ভ্যান চালক হেলপার</td><td>বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা</td><td>৮৮০০/-</td><td>৪৪০০/-</td><td>১০০০/-</td><td>৮০০/-</td><td>১৫০০০/-</td></tr>
<tr><td>জেলা শহর ও অন্যান্য এলাকা</td><td>৮৮০০/-</td><td>৩৫২০/-</td><td>১০০০/-</td><td>৮০০/-</td><td>১৪১২০/-</td></tr>
<tr><td>৫।</td><td>শিক্ষানবিশ কর্মচারী:</td><td colspan="6">ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে =১০০০০/-(দশ হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশিকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিয়ুক্ত হইবেন।</td></tr>
</table>

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd